সুদানে ৫০০ ভারতীয়কে উদ্ধারে কাজ শুরু 'অপারেশন কাবেরী'র

নয়াদিল্লি, ২৪ এপ্রিল: গৃহযুদ্ধ বিধ্বস্ত সুদান থেকে ভারতীয় নাগরিকদের উদ্ধারের কাজ চলছে। টুইট করে জানালেন ভারতীয় বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। তিনি জানিয়েছেন, ৫০০ ভারতীয় নাগরিক উদ্ধারের জন্য সুদানের বন্দরে পৌঁছে গিয়েছেন। সুদান থেকে নাগরিকদের উদ্ধারের এই অভিযানের নাম 'কাবেরী'।

টুইটারে জয়শঙ্কর লিখেছেন, 'সুদানে আটকে পড়া নাগরিকদের ফেরানোর জন্য কাবেরী অভিযান চলছে। সুদানের বন্দরে পৌঁছে গিয়েছেন ৫০০ নাগরিক। আরও অনেকে পথে রয়েছেন। আমাদের জাহাজ এবং বিমান তাঁদের ফেরানোর জন্য প্রস্তুত। সুদান থেকে আমাদের নাগরিকদের ফেরাতে বদ্ধপরিকর।' রবিবারই কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছে, সুদানে আটকে পড়া ভারতীয়দের উদ্ধারের জন্য বায়ুসেনার সি-১৩০জে সৌদি আরবের জেড্ডায় দাঁড়িয়ে রয়েছে। সুদানের বন্দরে দাঁড়িয়ে রয়েছে আইএনএস সুমেধা। সুদানে সেনা এবং আধাসেনার সংঘর্ষ শুরু হওয়ার পর পরই উড়ান নিষিদ্ধ করা হয়েছে। রাজধানী খার্তুমের বিমানবন্দরও বন্ধ করা হয়েছে। হিংসার কেন্দ্রে রয়েছে এই খার্তুম। সেখানেও আটকে রয়েছেন বহু ভারতীয়। শনিবার সুদানে আটক ১৫০ জনকে উদ্ধার করে জেড্ডায় নিয়ে যাওয়া হয়েছে। তাঁদের মধ্যে বেশ কয়েক জন ভারতীয়ও রয়েছেন।

বন্দিদের মধ্যে প্রভাব বিস্তার রুখতে

অসমে নিয়ে যাওয়া হয়েছে অমৃতপালকে

গুয়াহাটি, ২৪ এপ্রিল: শুধু নিরাপত্তাই নয়, অমৃতপাল যাতে প্রভাব বিস্তার করতে না পারেন তার জন্যই নিয়ে যাওয়া হল অসমে। রবিবারই পঞ্জাবের মোগা জেলায় গ্রেপ্তার হন খালিস্তানি নেতা অমৃতপাল সিং। এই গ্রেপ্তারির পর পঞ্জাব পুলিশ দ্রুত অমৃতপালকে নিয়ে যায় ভাতিন্ডা এয়ারবেসে। সেখান থেকে বিশেষ কপ্টারে করে সোজা নিয়ে যাওয়া হয় অসমে। সূত্রে খবর, ডিব্রুগড় জেলেই ঠাঁই হয়েছে খালিস্তানি নেতার। এদিকে ওই জেলেই আগে থেকে বন্দি রয়েছেন অমৃতপালের আট সঙ্গী। কিন্তু কেন হঠাৎ অসমে নিয়ে যাওয়া হচ্ছে পঞ্জাবের হাই প্রোফাইল বন্দিদের তা নিয়ে উঠছে প্রশ্ন। প্রশ্ন উঠছে, এর পিছনে রয়েছে শুধুই নিরাপত্তা জনিত ঘটনা, না রয়েছে আরও অন্য বড় কোনও কারণ। সূত্রে যে খবর মিলছে তাতে, ডিব্রুগড় জেল উত্তর-পূর্ব ভারতের অন্যতম সুরক্ষিত ও বড় জেল। ১৭০ বছর পুরনো ডিব্রুগড় জেলে এখনও অবধি জেল ভেঙে পালানোর মতো বড়সড় ঘটনা কখনও ঘটেনি। এই জেলের নিরাপত্তা অত্যন্ত কঠোর, পাশাপাশি শহরের একদম কেন্দ্রস্থলে জেলের অবস্থান হওয়ায় জেল ভেঙে বন্দি নিয়ে পালানোও প্রায় অসম্ভব। 'ওয়ারিস পঞ্জাব দে' সংগঠনের প্রধান অমৃতপালের গ্রেপ্তারির ঘিরে যাতে কোনও প্রকার বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি না হয়, তার জন্যই তাঁকে ত্রিস্তরীয় নিরাপত্তা সহ ডিব্রুগড়ের জেলে রাখা হয়েছে।

বাকি বন্দি, বিশেষ করে নিজের সহকারীদের সঙ্গে যাতে কথা বলতে না পারেন অমৃতপাল, তার জন্য আলাদাভাবে আইসোলেশন সেলে রাখা হয়েছে অমৃতপালকে। তাঁর সেলে বসানো হয়েছে সিসিটিভিও। এছাড়া গোটা জেলজুড়ে মোট ৫৭টি সিসিটিভি রয়েছে।

তবে সূত্র বলছে শুধুমাত্র অমৃতপালের নিরাপত্তা নয়, তাঁকে উত্তর-পূর্বের জেলে নিয়ে যাওয়া হয়েছে আরও নানা কারণে। উত্তর-পূর্ব ভারতের জেলগুলিতে বন্দি গ্যাংস্টার ও বিচ্ছিন্নতাবাদীদের সঙ্গে খালিস্তানি নেতা অমৃতপাল সিংয়ের যোগ থাকার প্রবল সম্ভাবনা। তদন্তে যাতে সুবিধা হয়, তার জন্যই অমৃতপালকে পঞ্জাব থেকে সরাসরি অসমের জেলে নিয়ে যাওয়া হয়। পাশাপাশি এও জানা গিয়েছে, ভাষার প্রতিবন্ধকতাকেও হাতিয়ার করছে পুলিশ।

দিল্লিতে ডেলিভারি ম্যানকে পিটিয়ে খুন

নয়াদিল্লি, ২৪ এপ্রিল: স্কুটার নিয়ে দাঁড়িয়ে থাকার সময় পিছনের গাড়িকে এগিয়ে যাওয়ার জায়গা করে দেননি। নিজের জীবন দিয়ে সেই 'অপরাধে'র শাস্তি পেলেন এক ডেলিভারি ম্যান। পিটিয়ে খুন করা হল তাঁকে। মর্মান্তিক ঘটনার সাক্ষী রইল রাজধানী দিল্লি।

ঘটনা গত শনিবার রাতের। পুলিশ জানিয়েছে, ৩৯ বছর বয়সি ডেলিভারি ম্যানের নাম পঙ্কজ ঠাকুর। একটি দোকানের পণ্যসামগ্রী ডেলিভারির কাজ করতেন তিনি। শনিবার রাতে তেমনই জিনিসপত্র নিয়ে যাচ্ছিলেন। কিন্তু রঞ্জিত নগর মেন মার্কেটের কাছে ঘটনে ভয়ংকর ঘটনা। অভিযোগ, ১৯ বছরের মণীশ কুমার এবং ২০ বছরের লালচাঁদ গাড়ি নিয়ে ওই এলাকার সরু গলি দিয়ে যাচ্ছিলেন। সেই সময়ই গলির মধ্যে স্কুটার নিয়ে দাঁড়িয়ে ছিলেন পঙ্কজ। তাঁরা প্রথমে পঙ্কজকে সরে যেতে বলেন। তা থেকেই তিনজনের মধ্যে শুরু হয়ে যায় বচসা।

এরপর গাড়ি থেকে বেরিয়ে এসে পঙ্কজের স্কুটার লাথি মেরে ফেলে দেন মণীশ ও লালচাঁদ। তাতে পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে ওঠে। হাতাহাতিতে জড়ান তাঁরা। দু'জনের হাতে মার খেয়ে জ্ঞান হারিয়ে মাটিতে লুটিয়ে পড়েন পঙ্কজ। তাঁকে অচেতন দেখে ভয়ে সেখান থেকে চম্পট দেন দু'জনই। এরপর স্থানীয়রা পঙ্কজকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান। সেখানেই তাঁকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসকরা। ওই এলাকার সিসিটিভি ফুটেজ দেখে অভিযুক্তদের চিহ্নিত করে পুলিশ। মণীশ ও লালচাঁদকে গ্রেপ্তার করা হয়েছে।

হিজবুল প্রধানের ছেলের সম্পত্তি বাজেয়াপ্ত করল এনআইএ

শ্রীনগর, ২৪ এপ্রিল: জঙ্গি গোষ্ঠী হিজবুল মুজহিদিনের প্রধান সইদ সালাউদ্দিনের ছেলের সম্পত্তি বাজেয়াপ্ত করল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা এনআইএ। সোমবার জম্মু ও কাশ্মীরের রামাবাগ এলাকার ওই সম্পত্তি দখলে নেয় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।হিজবুল প্রধানের ছেলের নাম সইদ আহমেদ শাকিল। তাঁর বিরুদ্ধেও একাধিক নাশকতা তথা জঙ্গি কার্যকলাপের অভিযোগ রয়েছে। সোমবার শাকিলের রামাবাগ এলাকার একটি বাড়ি বাজেয়াপ্ত করেছে এনআইএ। ইতিমধ্যে ওই বাড়িতে সংশ্লিষ্ট নোটিস ঝুলিয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। বেআইনি কার্যকলাপ আইনি শাকিলের সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে বলে জানা গিয়েছে।

ভয়াবহ ভূমিকম্প নিউজিল্যান্ডে রিখটার স্কেলে কম্পনের মাত্রা ৭.২

সংবাদ প্রতিদিন: ভয়াবহ ভূমিকম্পে কেঁপে উঠল নিউজিল্যান্ডের বিস্তীর্ণ এলাকা। সোমবার সকালেই ৭.২ রিখটার স্কেলে ভূমিকম্প হয় দক্ষিণ গোলার্ধের দেশটিতে। ভূমিকম্পের উৎসস্থল ছিল কার্মাডেক আইল্যান্ড। যদিও এখনও কোনও ক্ষয়ক্ষতির খবর মেলেনি। তীব্র ভূমিকম্প হলেও এখনও সুনামি সতর্কতা জারি করেনি নিউজিল্যান্ডের প্রশাসন। তবে সমুদ্রে যেতে আপাতত বারণ করা হয়েছে সকলকে।

সপ্তাহের প্রথম কাজের দিনেই কেঁপে ওঠে নিউজিল্যান্ডের উত্তরদিকে অবস্থিত কার্মাডেক দ্বীপটি। সেন্টার ফর সেসমোলজির তরফে টুইট করে জানানো হয়, ভ.২ রিখটার স্কেলে কম্পন অনুভূত হয়েছে। স্থানীয় সময় বেলা একটা নাগাদ ভূমিকম্প হয় কার্মাডেক দ্বীপে। মাটি থেকে মাত্র ১০ কিলোমিটার গভীরেই ছিল কম্পনের উৎসস্থল।দ

কম্পনের মাত্রা বেশ তীব্র হলেও কোনও ক্ষয়ক্ষতির খবর মেলেনি। কারণ কার্মাডেক দ্বীপে সেভাবে মানুষের বসতি নেই। প্রাকৃতিক সম্পদে ভরা এই দ্বীপে মাঝে মাঝে গবেষণা করতে যান বিজ্ঞানীরা। সোমবারের কম্পনের সময়ে ওই দ্বীপে কেউ ছিলেন না বলেই আপাতত জানা গিয়েছে। প্রসঙ্গত, ভূমিকম্পপ্রবণ হিসাবে বরাবরই পরিচিত নিউজিল্যান্ডের উত্তরে অবস্থিত এই দ্বীপ।

তবে সমুদ্রে ঘেরা দেশ নিউজিল্যান্ডে এখনও জারি হয়নি সুনামি সতর্কতা। সেদেশের আবহাওয়া বিশেষজ্ঞদের মতে, সেরকম বড় বিপর্যয়ের আশঙ্কা নেই আপাতত। নিউজিল্যান্ড ছাড়াও প্রতিবেশী দেশ গুলিতেও ভূমিকম্পের জেরে সুনামির সম্ভাবনা নেই বলেই অনুমান। তবে সাধারণ মানুষকে বলা হয়েছে তাঁরা যেন আপাতত সমুদ্রে না যান।

মোদি পদবী মামলায় সাময়িক স্বস্তিতে রাহুল

নয়াদিল্লি, ২৪ এপ্রিল: মোদি পদবী মামলায় সাময়িক স্বস্তিতে কংগ্রেস নেতা রাহুল গান্ধি। কারণ, সোমবার পটনা হাইকোর্ট নিম্ন আদালতের আদেশের ওপর ১৫ মে পর্যন্ত স্থগিতাদেশ জারি করে। প্রসঙ্গত, ২০১৯ সালে কর্নাটকে ভোট প্রচারে গিয়ে, রাহুল এক জনসভা থেকে প্রশ্ন ছুড়ে দিয়েছিলেন, মোদি পদবিধারীদের নামই কেন বারবার চোরদের তালিকায় উঠে আসছে? এই মন্তব্যের প্রেক্ষিতে বিজেপি নেতা সুশীল মোদি একটি মামলা দায়ের করেন। গুজরাতের পাশাপাশি মানহানির মামলা দায়ের হয়েছিল বিহারেও। সুশীল মোদির এই আবেদনের ভিত্তিতে, পাটনার এক নিম্ন আদালত এই মামলার প্রেক্ষিতে রাহুল গান্ধিকে ১২ এপ্রিল আদালতে হাজিরা দিতে নির্দেশ দেয়।

কর্নাটকের প্রাক্তন মন্ত্রীর বাড়ি-সহ তিন জায়গায় আয়কর হানা

বেঙ্গালুরু, ২৪ এপ্রিল: কর্নাটকের প্রাক্তন মন্ত্রীর তথা কংগ্রেস নেতা গঙ্গাধর গৌড়ার দু'টি বাড়িতে তল্লাশি অভিযান চালিয়ে নগদ ৩০ লক্ষ টাকা উদ্ধার করল আয়কর দপ্তর। ভোটমুখী এই দক্ষিণী রাজ্যের স্থানীয় সংবাদমাধ্যমে এই দাবি করা হয়েছে। যদিও এ বিষয়ে কোনও বিবৃতি দেয়নি আয়কর দপ্তর।

সংবাদমাধ্যম সূত্রে খবর, সোমবার সকাল সাড়ে ৬টা নাগাদ দক্ষিণ কন্নড় জেলার বেলতানগঠীতে গৌড়ার বাড়িতে পৌঁছন আয়কর দপ্তরের আধিকারিকেরা। মহকুমা হাসপাতাল লাগোয়া ওই বাড়িটি ছাড়াও ইডাবেট্টু এলাকায় তাঁর আর একটি বাড়িতেও অভিযান চলে। এ ছাড়া, গৌড়ার ছেলে রঞ্জনের মালিকানাধীন একটি শিক্ষাপ্রতিষ্ঠানেও তল্লাশি চালানো হয়। গৌড়ার বাড়ি থেকে বিপুল পরিমাণ নগদ টাকা পাওয়া গিয়েছে বলে দাবি। তবে তিন জায়গায় নানা নথিপত্র খতিয়ে দেখেন আধিকারিকেরা।

কর্নাটকে বিধানসভা নির্বাচন ১০ মে। যদিও প্রদেশ কংগ্রেসের তরফে টিকিট না মেলায় নির্বাচনী লড়াইয়ে নেই গৌড়া। টিকিট না পেয়ে রাজনীতি ছাড়ার ঘোষণাও করেছিলেন রাজ্যের প্রাক্তন এই মন্ত্রী। ২০১৮ সালে বিজেপি ছেড়ে কংগ্রেসে যোগ দিয়েছিলেন তিনি।

বিশাল সাম্রাজ্যের উত্তরাধিকারী কে? সিদ্ধান্ত নিতে পাঁচ সন্তানের অডিশন নিলেন আর্নল্ট

সংবাদ প্রতিদিন: বিশ্বের ধনীতম ব্যক্তি। বিশাল সাম্রাজ্যের মালিক। বিশ্বের সেরা ফ্যাশন ব্র্যান্ডের মালিকানা রয়েছে তাঁরই দখলে। কিন্তু সেই বের্নার্ড আর্নল্টের কপালে চিন্তার ভাঁজ। তাঁর বিশাল সাম্রাজ্য কার হাতে তুলে দেবেন, সেই সিদ্ধান্ত নিতে কার্যত জেরবার হয়ে পড়েছেন লুই ভিতোঁ কর্তা। তাঁর অবর্তমানে কে হবেন আর্নল্ট সাম্রাজ্যের মালিক, সেই উত্তরাধিকারী বেছে নিতে এবার অডিশনের ব্যবস্থা করেছেন লুই ভিতোঁর সিইও।

পাঁচ সন্তান রয়েছে বের্নার্ড আর্নল্টের। তার মধ্যে তিনজন ইতিমধ্যেই বাবার মালিকানাধীন সংস্থাগুলিতে সিইও পদে রয়েছেন। বাকি দুই সন্তানও যুক্ত রয়েছেন আর্নল্টের নানা সংস্থার সঙ্গে। এই পাঁচজনের মধ্য থেকেই একজনের হাতে নিজের ব্যবসার সমস্ত দায়িত্ব তুলে দেওয়ার পরিকল্পনা করেছেন বিশ্বের ধনীতম ব্যক্তি। প্রসঙ্গত, গত ১৯ এপ্রিল এলন মাস্ককে টপকে বিশ্বের সবচেয়ে ধনী ব্যক্তির শিরোপা পেয়েছেন লুই ভিতোঁর কর্তা।

কীভাবে নিজের উত্তরাধিকারী বেছে নেবেন আর্নল্ট? জানা গিয়েছে, প্রতি মাসে একবার নিজের সন্তানদের সঙ্গে লাঞ্চ করতে যান তিনি। দেড়ঘণ্টা ধরে এই লাঞ্চের সময়ে অন্য কারোওর প্রবেশাধিকার থাকে না। তবে সূত্র মারফত জানা গিয়েছে, এই লাঞ্চ শুরু হওয়ার আগে নিজের আইপ্যাড থেকে ব্যবসা সংক্রান্ত যাবতীয় তথ্য পড়ে শোনান আর্নল্ট। তারপর একে একে প্রত্যেক সন্তানকে জিজ্ঞাসা করেন, ব্যবসায় কীভাবে উন্নতি করা যেতে পারে। এইভাবেই নিজের সন্তানদের অডিশন নেন তিনি।

জানা গিয়েছে, এখনই কোনও সিদ্ধান্তে আসতে নারাজ বিশ্বের ধনীতম ব্যক্তি। আপাতত দীর্ঘদিন ধরে চলবে এই অডিশন প্রক্রিয়া। তবে ফরাসি ধনকুবের জানিয়েছেন, লাগাতার অডিশন পাশ করে যে সবচেয়ে বেশি যোগ্য প্রমাণিত হবে, সেই সন্তানের হাতেই নিজের ব্যবসার সমস্ত ভার তুলে দেবেন তিনি। ব্যক্তিগত স্নেহ-ভালবাসার উর্ধ্বে উঠেই সিদ্ধান্ত নেবেন। তাঁর অবর্তমানে যেন যোগ্য ব্যক্তিই সংস্থার দায়িত্বে থাকেন, এমনটাই আশা আর্নল্টের।

দক্ষিণ পূর্ব রেলওয়ে – টেন্ডার

টেন্ডার নোটিস নং ঃ এসটি-ওটি-আইপিসিসিটিভি-জিএসডি-কেজিপি, তারিখ ২৪.০৪.২০২৩। ভারতের রাষ্ট্রপতির জন্য ও পক্ষে, সিনিয়র ডিভিসনাল সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার (সিও)/খড়গপুর-৭২১৩০১ কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য দফায় উল্লিখিত তারিখে দুপুর ১২টার পূর্বে ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে যেগুলি দুপুর ১২টা ৩০ মিনিটে খোলা হবে। **কাজের বিবরণ ঃ** এএমএম/আর/ইয়ার্ড এবং ডেপুটি সিএমএম/জিএসডি/কেজিপি, আর. ইয়ার্ড/কেজিপি, এস/আর ইয়ার্ড/কেজিপি, জিএসডি এবং মেটাল ইয়ার্ড-এ মনিটরিং স্ক্রিন সমেত ৫১টি ক্যামেরা ব্যবহার করে আইপি সিসিটিভি নজরদারি ব্যবস্থার সরবরাহ, প্রতিষ্ঠা, পরীক্ষা এবং সূচনার কাজ। **টেন্ডার মূল্য ঃ** ১৬,৩৪,৭৯৯.৮৯ টাকা। **বায়না অর্থ ঃ** ৩২,৭০০ টাকা। **টেন্ডার নথির মূল্য ঃ** ০ টাকা। **খোলার তারিখ ঃ** ২২.০৫.২০২৩। **কাজ সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ৪ মাস। **দাখিলের তারিখ ঃ** ২২.০৫.২০২৩ তারিখে দুপুর ১২টা পর্যন্ত। আগ্রহী টেন্ডারদাতাগণ টেন্ডারের সম্পূর্ণ বিশদ, বিবরণ, নির্দিষ্টকরণ দেখতে এবং তাঁদের দরপ্রস্তাব অনলাইনে দাখিল করতে **www.ireps.gov.in** ওয়েবসাইট দেখতে পারেন। কোনো অবস্থাতেই এই কাজগুলির জন্য হাতেহাতে দাখিল করা টেন্ডার গৃহীত হবে না। **(PR-86)**

পূর্ব রেলওয়ে

বাতিল

ডেপুটি চিফ সিগন্যাল অ্যান্ড টেলিকম ইঞ্জিনিয়ার (ওয়ার্কস), হাওড়া (ডেপুটি সিপিএম/এস অ্যান্ড টি/গতি শক্তিইউনিট/হাওড়া) কর্তৃক পূর্বে প্রকাশিত ই-টেন্ডার নং জিএসইউ-ডিসিএসটিই_২_২৩-২৪, নির্ধারিত বন্ধের তারিখ ০৯.০৫.২০২৩ তারিখ দুপুর ৩টে, কারিগরী কারণে এটি বাতিল করা হল। HWH-26/2023-24

পূর্ব রেলওয়ে ওয়েবসাইট: www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in – এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

CORRIGENDUM

e-N.I.T. No. –WBEO/SUTAHATA/02/2023-2024

The Executive Officer, Sutahata Panchayat Samiti invites tender from bonafied bidders for Instaiiation of **82.5 KVA** silent DG in Sutahata Dev. Block under Sutahata Panchayat Samiti. Purba Medinipur. Last Date for submission of e- Tender **29th April, 2023 (Saturday) 17-00 Hours.** Details may be accessed and duly responded through **http://www.wbtenders.gov.in**

Sd/-
Executive Officer
Sutahata Panchayat Samiti

E-TENDER NOTICE

Tenders through E-Tendering process are invited by the Prodhan,Basantapur Gram Panchayet,Basantapur,Amta, Howrah from the bonafied, experienced and resourceful agencies/ Registered Co-Operative societies/Bidders having registration in E-Procurement portal for execution of 7 Nos of work vide **E-NIT No – WB/HWH/AMTA/BGP/23-24/NIT/314 (1-7)Dated 20-04-23**.The last Date and time of online Bid submission is **27/04/23 at 1.30 P.M.** Opening Date of Financial Bid & Completion of Financial Evaluation is **29/04/23 At 2.30 p.m**. All the details information regarding above said E-Tender will be available in website **www.wbtenders.gov.in**.

S/D Prodhan,
Basantapur Gram Panchayat,
Amta-1, Howrah

DHABLAT GRAM PANCHAYAT

Vill+ P.O.- Chemaguri, PS- Sagar Coastal, Dist- South 24 Parganas
Memo No. 181/DGP,
Date- 24/04/2023

On behalf of Dhablat Grampanchayat of sagar block under south 24 parganas dist invites bids through open. e-tender process for the vide NIT No 180 DGP (1 nos) community toilet under 15th fc of Dhablat Gram Panchayat Dated **20/04/2023**

Details are available in the website **wb tenders.gov.in**

Sd/- Pradhan
Dhablat Gram Panchayat
Chamaguri, Sagar, South 24 Pgs

Press Notice

Memo No. 41/PIA WDC 2.0/08/2021-22 date: 20.04.2023

E-Tenders are hereby invited for execution 07 nos. different schemes under PMKSY WDC 2.0 at Punch Block Vide **NIT- 02/ PMKSY-WDC 2.0/ NRM/ 2023-24,** in the district of Purulia. For details, please visit **www.wbtenders.gov.in.** Last date for submitting online bid on **20-04-2023.**

Sd/-
Assistant Director of Agriculture,
Puncha Block
& PIA, Kumari & Chaka Deorang WS

OFFICE OF THE CHAKMANIK PANCHAYAT
E-TENDER NOTICE

Digitally signed and encrypted E-Tender is invited from the eligible Bidder for online submission for tender reference no:-

1) **Chak/131/23-24 Dated :- 17/04/2023**
2) **Chak/132/23-24 Dated :- 17/04/2023**
3) **Chak/133/23-24 Dated :- 17/04/2023**
4) **Chak/134/23-24 Dated :- 18/04/2023**

At different place within at CHAKMANIK GRAM PANCHAYAT under Budge Budge II Block, South 24 Pgs, WB. Last date for the online receipt of Tender is 28/04/2023 at 4:00 pm. and open on 02/05/2023 at 11:30 am. Details will be available at the website: **www.wbtenders.gov.in**

Sd/-
Prodhan
Chakmanik Gram Panchayat
Chakmanik, Bawali
South 24 Parganas

Press Notice

E-Tenders are hereby invited from bonafide experienced and reliable contractors for execution of 04 nos. different schemes under PMKSY WDC 2.0 at Raghunathpur-I Block on and from **19/04/2023 to 27/04/2023. Vide NIT No. 04/ PMKSY WDC 2.0/10-NRM (2nd) 22-23, to 07/PMKSY WDC 2.0/10- NRM (2nd) 22-23.** For details of timing elegibility criteria etc. pl. visit **www.wbtenders.gov.in**

Sd/-
Assistant Director of Agriculture ,
Raghunathpur I Block &
PIA, Utia & Senera Watershed

Office of the Councillors

DUBRAJPUR MUNICIPALITY

P.O.- Dubrajpur, Dist- Birbhum

ABRIDGED TENDER NOTICE

Sealed tender/s is /are invited by the undersigned from bonafied, experienced agencies for the following:

1. NIeT No: 03/DEV of 2023-2024, Memo No 561/DM/2023 DT:-19.04.2023. Tender Submission Closing date (On-Line) **10.05.2023 upto 17.00 hrs.** Tender opening date for technical proposals (On-Line) **13.05.2023 at 14.00 hrs.**

2. NIeT No: 04/DEV of 2023-2024, Memo No - 579/DM/2023 DT:- 20.04.2023. Tender Submission Closing date (On-Line) **28.04.2023 upto 17.00 hrs.** Tender opening date for technical proposals (On-Line) **02.05.2023 at 13.00 hrs**

Details are available at the **"wbtenders.gov.in",** office of the undersigned on any working day or at website

Sd/-, Chairman
Dubrajpur Municipality

e-Tender Notice

e-TENDER invited by the Prodhan Hridaypur Gram Panchayat , Block -Chapra, Nadia. e-Tender No 01/23-24. Memo No: 67/Hri/23. Dated: 20/04/2023. Bid submission closing date: 27/04/2023 at 11.00 A.M. Technical Bid open : 29/04/2023 at 11.00 AM. For more details please visit: https://wbtenders.gov.in or contact to the office.

Sd/-Prodhan
Hridaypur Gram Panchayat,
Chapra Block, Nadia.

Office of the Salboni Panchayat Samity, Salboni, Paschim Mednipur

E-TENDER NOTICE
NIT No.-250/EO/Salboni PS/e-NIT 2023-24 Dtd. - 24.04.2023
NIT No.-251/EO/Salboni PS/e-NIT 2023-24 Dtd. - 24.04.2023

e-Tender is invited by the E.O. Salboni Panchayat Samity for 4 (Four) & 2 (Two) Civil Works respectively under Salboni Panchayat Samity.
For details pl visit : wbtenders.gov.in
Bid Closing date : 02.05.2023 &
Bid Closing date : 08.05.2023 respectively

Sd/-
Executive Officer
Salboni Panchayat Samity

NOTICE INVITING TENDER

Sealed Tender hereby against **1)NIT NO.01/2023-24,Dated-20/04/2023, Fund– 15th F.C. (Tied), SL. No. 01 and 02, 2) NIT NO.02/2023-24, Dated-20/04/2023, Fund – 15th F.C. (Un-Tied)** for different works under Jaleswar-II Gram Panchayat. Last Date of Application-**26/04/2023 upto 2 P.M.** Last date of Submission of Tender document – **26/04/2023 upto 2 P.M.** Details information may be obtained from the office of the undersigned in any working day.

Sd/- Prodhan
Jaleswar-II G.P.
Gaighata Dev. Block
North 24 Parganas.

Jagatballavpur-II Gram Panchayet

TENDER NOTICE

E-tenders is invited from the resourceful and experience bidders for execution of different works vide Etender- **NIT MEMO No. JBPUR-II/355/2023, Date: 25.04.2023, Time-10.30am,**
Last date of Tender droping: **03.05.2023, 16.00PM,**
Date of opening of Bibs: **05.05.2023, 16.00 PM,** Details Contact: **wbtenders.gov.in**

Sd/- Prodhan
Jagatballavpur -II Gram Panchayet
Jagatballavpur Block, Howarh

ফর্ম এ
সাধারণ ঘোষণা
(২০১৬ সালের ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি বোর্ড অফ ইন্ডিয়া (ইনসলভেন্সি রেজলিউশন প্রসেস ফর কর্পোরেট পার্সনস) রেগুলেশনসের রেগুলেশন ৬ অধীনে)
গ্লোরিয়াস অ্যাগ্রো এক্সিম প্রা. লি.-এর বিনিয়োগকারীগণের অবগতির জন্য

সংশ্লিষ্ট বিস্তারিত		
১.	কর্পোরেট ডেটরের নাম	গ্লোরিয়াস অ্যাগ্রো এক্সিম প্রা. লি.
২.	কর্পোরেট ডেটরের গঠনের তারিখ	২৭.১২.২০০৪
৩.	যে কর্তৃপক্ষের অধীনে কর্পোরেট ডেটর গঠিত/নথিভুক্ত	রেজিস্ট্রার অফ কোম্পানিজ-কলকাতা
৪.	কর্পোরেট ডেটরের কর্পোরেট আইডেন্টিটি নং/ লিমিটেড লায়াবিলিটি আইডেন্টিফিকেশন নং	U01409WB2004PTC100874
৫.	কর্পোরেট ডেটরের রেজিস্টার্ড অফিস এবং প্রধান অফিস (যদি কিছু থাকে) ঠিকানা	ব্যান্টিপাহারি, বাঁকুড়া, বাঁকুড়া - ৭২২১৩৭, পশ্চিমবঙ্গ, ভারত
৬.	কর্পোরেট ডেটরের ইনসলভেন্সি শুরুর তারিখ	সিআইআরপি শুরুর তারিখ - ০২.১২.২০২২ আইআরপি নিয়োগের তারিখ - ২০.০৪.২০২৩ আইআরপি'র তথ্য জ্ঞাপক তারিখ - ২২.০৪.২০২৩
৭.	ইনসলভেন্সি প্রস্তাব প্রক্রিয়া সমাপ্তির আনুমানিক তারিখ	৩১.০৫.২০২৩ (কর্পোরেট ইনসলভেন্সি রেজলিউশন প্রক্রিয়া শুরু থেকে ১৮০ দিন)
৮.	সাময়িক প্রস্তাব পেশাদার হিসেবে কার্যরত ইনসলভেন্সি পেশাদারের রেজিস্ট্রেশন নম্বর এবং নাম	শ্রী কমল প্রকাশ সিং IBBI/IPA-001/IP-P01722/2019-2020/12653
৯.	বোর্ডের নিকট রেজিস্ট্রিকৃত সাময়িক প্রস্তাব পেশাদারের ঠিকানা এবং ইমেল	রেজিস্টার্ড ঠিকানা - সাউথ সিটি গার্ডেন, টাওয়ার-২, ফ্ল্যাট ১১-ই, ৬১, বসন্ত লাল সাহা রোড, নিউ আলিপুর, কলকাতা - ৭০০০৫৩ রেজিস্টার্ড ইমেল : kamalprakashco@gmail.com
১০.	সাময়িক প্রস্তাব পেশাদারের সহিত যোগাযোগের জন্য ঠিকানা এবং ইমেল	অফিস ঠিকানা - স্যুট ১বি, ২য় তল, ২২/২৮এ, মনোহরপুকুর রোড, কলকাতা - ৭০০০২৯, পশ্চিমবঙ্গ, ভারত ইমেল ঠিকানা : gloriousagro.sipl@gmail.com
১১.	দাবি দাখিলের শেষ তারিখ	০৪.০৫.২০২৩
১২.	বিনিয়োগকারীগণের শ্রেণি, যদি কিছু থাকে, সংশ্লিষ্ট আইনের ২১ ধারার উপধারা (৬এ) এর (বি) পরিমেল অধীনে অন্তর্বর্তীকালীন প্রস্তাবক পেশাদার কর্তৃক নির্ধারিত	প্রযোজ্য নয়
১৩.	সংশ্লিষ্ট শ্রেণিতে বিনিয়োগকারীগণের অনুমোদিত প্রতিনিধি হিসেবে কার্যরত ইনসলভেন্সি পেশাদারগণের চিহ্নিতকরণের নাম (প্রতিটি শ্রেণিতে তিনটি নাম)	প্রযোজ্য নয়
১৪.	(ক) সম্পর্কিত ফর্মগুলি এবং (খ) প্রাপ্ত অনুমোদিত প্রতিনিধিগণের বিস্তারিত	(ক) Web link : https://www.ibbi.gov.in/en/home/downloads (খ) ডাক ঠিকানা - দ্রষ্টব্য উল্লিখিত ১০ নং

এতদ্বারা বিজ্ঞাপিত হচ্ছে ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল, নির্দেশ দিয়েছে গ্লোরিয়াস অ্যাগ্রো এক্সিম প্রাইভেট লিমিটেড-এর কর্পোরেট ইনসলভেন্সি প্রস্তাব প্রক্রিয়া শুরু করার তারিখ ২ ডিসেম্বর ২০২২।
গ্লোরিয়াস অ্যাগ্রো এক্সিম প্রাইভেট লিমিটেড-এর বিনিয়োগকারীগণকে প্রামাণ্য নথি সহ তাদের দাবি ৪মে, ২০২৩ তারিখে অন্তর্বর্তীকালীন প্রস্তাবক পেশাদারগণের নিকট ক্রম নং ১০-এ উল্লিখিত ঠিকানায় পেশ করতে।
আর্থিক বিনিয়োগকারীগণ প্রামাণ্য নথি সহ কেবল বৈদ্যুতিন মাধ্যমেই তাদের দাবি দাখিল করতে পারবেন। অন্যান্য বিনিয়োগকারীগণ তাদের দাবি প্রামাণ্য নথি সহ ব্যক্তিগতভাবে বা ডাকযোগে বা বৈদ্যুতিন মাধ্যমে দাখিল করতে পারেন।
মিথ্যা অথবা বিভ্রান্তকারী প্রমাণ সহ দাবি দাখিলের ক্ষেত্রে জরিমানা হতে পারে।

স্বা/-
শ্রী কমল প্রকাশ সিং
অন্তর্বর্তীকালীন প্রস্তাব পেশাদার
IBBI/IPA-001/IP-P01722/2019-2020/12653

তারিখ : ২৫.০৪.২০২৩
স্থান : কলকাতা